

তারিখ: 28/08/2013

**আর্থিক অন্তর্ভুক্তিকরণ এবং আর্থিক সাক্ষরতা বাস্তবায়িত করার জন্য ব্যাঙ্কগুলিকে হিন্দি ও অন্যান্য দেশীয় ভাষায় জনগণের সঙ্গে যোগাযোগ করার অনুরোধ জানালেন  
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক-এর গভর্নর, ড: সুব্বারাও**

“আর্থিক অন্তর্ভুক্তিকরণ এবং আর্থিক সাক্ষরতা রিজার্ভ ব্যাঙ্কের অগ্রাধিকার সূচি। ব্যাঙ্কগুলি এই পথে উৎসাহ, উদ্দীপনা এবং ভাবনা চিন্তার সঙ্গে কাজগুলি কার্যকর করছে দেখে আমি অত্যন্ত খুশি। অভিজ্ঞতা থেকে আমরা শিখেছি যে ইংরেজি ভাষাকে মাধ্যম করে আমরা আর্থিক অন্তর্ভুক্তিকরণ এবং আর্থিক সাক্ষরতার অর্থপূর্ণভাবে প্রয়াস চালিয়ে যেতে পারব না। আমাদের অবশ্যই হিন্দি এবং অন্যান্য দেশীয় ভাষায় মানুষের কাছে যেতে হবে”।

আজ মুম্বইতে 2011-2012 সালের জন্য রাজভাষা শিল্প প্রদান করার সময় ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর, ড: সুব্বারাও ব্যাঙ্কগুলির নিকট এই আবেদন করেন।

তিনি আরও বলেন যে বিগত কয়েক মাসে নানা অবৈধ এবং প্রতারণামূলক প্রকল্প বৃদ্ধি পেয়ে চলেছে যেখানে উচ্চ আয়ের প্রতিশ্রুতি দিয়ে নিরীহ জনগণকে আমানত জমা করায় প্রলুব্ধ করা হয়েছে। যখন এই প্রকল্পগুলি বন্ধ হয়ে যায়, যা বেশিরভাগ ক্ষেত্রেই হয়ে থাকে, দরিদ্র পরিবারগুলি তাঁদের সারা জীবনের সঞ্চয় হারান। জনগণকে এই ধরনের প্রতারণামূলক প্রকল্প থেকে রক্ষা করা সরকার এবং নিয়ন্ত্রকের দায়িত্ব। এটা করতে গেলে আমাদের দুটি কাজ করতে হবে। প্রথমত, আমাদের মানুষকে এই সমস্ত প্রকল্পের ঝুঁকি সম্পর্কে আরও সচেতন করতে হবে। দ্বিতীয়ত, আমাদের সাধারণ মানুষকে প্রাতিষ্ঠানিক আর্থিক ক্ষেত্রে প্রবেশাধিকার দিতে হবে যাতে তাঁরা এই ধরনের প্রকল্পের শিকার না হন। এই দুই কাজের জন্যই আমাদের হিন্দি এবং অন্যান্য দেশীয় ভাষায় মানুষের কাছে পৌঁছতে হবে। সরকার এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক তাই জনগণের মধ্যে চেতনা বাড়ানোর জন্য স্থানীয় ভাষায় প্রচার অভিযান শুরু করেছে। আমরা চাই ব্যাঙ্কগুলি এই অভিযানে সামিল হোক।

এই উপলক্ষে রিজার্ভ ব্যাঙ্কের উপ-গভর্নর, ড: উর্জিত প্যাটেল পুরস্কারপ্রাপ্ত ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির প্রশংসা করতে গিয়ে বলেন যে পরিষেবা শিল্প হিসেবে ব্যাঙ্কগুলির উচিত জনগণের সঙ্গে তাঁদের ভাষায় যোগাযোগ করা। হিন্দির গুরুত্ব এই কারণেই বেড়ে যায় যে আমাদের দেশে হিন্দি সবচেয়ে সহজবোধ্য এবং ব্যবহৃত ভাষা। সেই কারণে ব্যাঙ্কগুলির উচিত হিন্দিতে জনগণের সঙ্গে সংযোগ স্থাপন করা।

শ্রী আর.গান্ধী, নির্বাহী অধিকর্তা ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির মুখ্য নির্বাহী অধিকর্তাদের স্বাগত জানান এবং শ্রী ইউ.এস.পালিওয়াল, মানব সম্পদ পরিচালন বিভাগের প্রধান মুখ্য মহাপ্রবন্ধক ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের রাজভাষা বিভাগের মহাপ্রবন্ধক, ড: রমাকান্ত গুপ্তা অনুষ্ঠান সঞ্চালনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যাঙ্ক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির সভাপতি এবং বরিস্ত নির্বাহীকগণ।

**অম্বনা কিল্লাওয়াল**  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

**প্রস বিজ্ঞপ্তি: 2013-2014/435**